DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে
সত্যের সাথে, সত্যের পথে
সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 15 Aug 2026, 10:01 PM

বিনোদন

সালমান শাহ হত্যা মামলা

# ডনের সঙ্গে ১২ লাখ টাকার চুক্তি সামিরা-আজিজের, দাবি রাষ্ট্রপক্ষের আইনজীবীর

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১১ আগস্ট ২০২৬, ১০:১৩ AM



ছবি সংগৃহীত

ঢালিউডের জনপ্রিয় ও ক্ষণজন্মা চিত্রনায়ক সালমান শাহর রহস্যজনক মৃত্যুর প্রায় তিন দশক পর মামলার ৪ নম্বর এজাহারভুক্ত আসামি খলনায়ক আশরাফুল হক ডনকে গ্রেপ্তার করা হয়েছে।

গত রোববার (৯ আগস্ট) ভোরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশন থেকে তাকে গ্রেপ্তার করে আইনশৃঙ্খলা বাহিনী।

একই দিন বিকেলে সিআইডি ডনকে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে কারাগারে আটক রাখার আবেদন জানায়। শুনানি শেষে আদালত তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

রাষ্ট্রপক্ষের আইনজীবী ওমর ফারুক ফারুকী জানান, রাজসাক্ষী রিজভী আহমেদের দেওয়া ১৬৪ ধারার জবানবন্দিতে চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে। জবানবন্দি অনুযায়ী, সালমান শাহর স্ত্রী সামিরার সঙ্গে চলচ্চিত্র প্রযোজক আজিজ মোহাম্মদ ভাইয়ের গোপন সম্পর্ক গড়ে ওঠে। সেই সম্পর্কের জের ধরে সালমান শাহকে হত্যার জন্য ডনের সঙ্গে ১২ লাখ টাকার চুক্তি করা হয়েছিল।

হত্যা পরিকল্পনার পাশাপাশি ডন ও ডেভিডের বিরুদ্ধে সালমান শাহর ভাই বিল্টুকে অপহরণ চেষ্টার অভিযোগও রয়েছে। মামলা তুলে নিতে চাপ প্রয়োগের উদ্দেশ্যে বিল্টুকে অপহরণের পরিকল্পনা করার সময় ১৯৯৭ সালের ১৯ জুলাই গ্রেপ্তার হন রিজভী আহমেদ। পরবর্তীতে ২৪ জুলাই তিনি আদালতে এ বিষয়ে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন।

প্রসঙ্গত, দীর্ঘ সময় ধরে অপমৃত্যু বনাম হত্যা মামলার আইনি জটিলতা শেষে গত বছরের ২১ অক্টোবর সালমান শাহর মামা আদালতের নির্দেশে রমনা থানায় নতুন করে হত্যা মামলা দায়ের করেন। সেই ধারাবাহিক আইনি প্রক্রিয়াতেই অবশেষে বিমানবন্দর থেকে গ্রেপ্তার হলেন খল অভিনেতা ডন।

---


## এ বিভাগের আরও খবর



**সেলেনা গোমেজের ভিডিও ফাঁস, মুহূর্তেই ভাইরাল!**
আইনি বিপাকে জনপ্রিয় মার্কিন তারকা সেলেনা গোমেজ। মানসিক স্বাস্থ্যের প্রসারে তৈরি করা তাঁর ভেঞ্চার ওয়ান্ডারমাইন্ড সংস্থাকে ঘিরে জালিয়াতির অভি...



প্রতীকী ছবি

**ডিজিটাল যুগে শর্টকার্টে তারকা, আশীর্বাদ নাকি অভিশাপ**
একসময় তারকা হতে হলে বছরের পর বছর সাধনা, প্রশিক্ষণ এবং গণমাধ্যমের স্বীকৃতি প্রয়োজন হতো। এখন একটি স্মার্টফোন, ইন্টারনেট সংযোগ এবং ৩০ সেকেন্ডের...



**শাড়ি নিয়ে প্রতারণা : আত্মসমর্পণ করে জামিন পেলেন তানজিন তিশা**

শাড়ি নিয়ে প্রতারণা ও বিশ্বাসভঙ্গের মামলায় আত্মসমর্পণের পর জামিন পেয়েছেন অভিনেত্রী তানজিন তিশা।বৃহস্পতিবার (১৩ অগাস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যা...



**সৌন্দর্য ধরে রাখতে নিজেদের গর্ভফুল গ্রহণ করেছেন যেসব সেলিব্রেটি**

চিরযৌবন ও সৌন্দর্য ধরে রাখার আকাঙ্ক্ষা মানুষের বহু পুরোনো। বিশেষ করে নারীদের সৌন্দর্যচর্চা ঘিরে ইতিহাসে রয়েছে নানা বিস্ময়কর ঘটনা। সময়ের সঙ্গ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/dner-sngge-12-lakh-takar-chukti-samira-ajijer-dabi-rashtrpksher-ainjibir